

গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়
কালুখালী, রাজবাড়ী।

সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরণী

সভাপতি : জনাব ডলি পারভিন, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, কালুখালী, বরাজবাড়ী

সভার স্থান : উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।

সভার তারিখ : ১৪/০১/২০২২ খ্রিঃ,

সময় : সকাল ১০.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতঃপর উপজেলা সমাজসেবা অফিসার ও সদস্য সচিব কে কালুখালী উপজেলায় সমাজকল্যাণ বিষয়ক আর্থসামাজিক কার্যক্রম গ্রহণের জন্য নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সভাপতি মহোদয়ের নতুন সভাতে সদস্যগণ পরস্পর পরস্পরের সহিত পরিচিত হন। অতঃপর পূর্ববর্তী সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয়। সিদ্ধান্তঃ কার্য বিবরণী যথাযথ ভাবে লিখিত হয়েছে মর্মে দৃষ্টিকরন করা হয়। প্রতিবন্ধীদের অধিকার বিষয়ক আলোচনাঃ উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, কালুখালী উপজেলার বিভিন্ন ইউনিয়নের সরকারী যে সকল স্থাপনা রয়েছে যেমন ইউনিয়ন পরিষদ অফিস, বিভিন্ন শিক্ষা পতিষ্ঠান, ভূমি অফিসসহ সকল স্থাপনায় প্রতিবন্ধী ব্যক্তিদের সহজে গমনাগমন এর জন্য র্যাম(সিড়ি) নিশ্চিত করার জন্য সভায় প্রস্তাব রাখেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সার্বিক আলোচনা ও পর্যালোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়। সিদ্ধান্তঃ যে সকল স্থাপনা সূমহে র্যাম(সিড়ি) নাই সে সকল স্থাপনায় র্যাম(সিড়ি) নিশ্চিত করতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে এবং উপজেলা প্রকৌশলীকে ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি মহোদয়ের কর্তৃক স্বাক্ষরিত পত্র প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। আলোচ্যসূচীঃ নিউরো প্রতিবন্ধীদের বিষয়ে আলোচনা : উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, প্রতিবন্ধীদের মধ্যে নিউরো শিশুদের স্বাভাবিক চিকিৎসা চালিয়া যাওয়ার জন্য প্রতিবছরে চার থেকে পাঁচ জন শিশুকে তার শারীরিক ডেভেলপমেন্টের জন্য প্রতিজনকে ১০০০০/- (দশ হাজার) টাকার চেক প্রদান করা হয়। কালুখালী উপজেলায় আনুমানিক ৩২ জন নিউরো শিশু রয়েছে। সমাজসেবা কার্যালয় হতে প্রত্যেকেরই ভাতা নিশ্চিত করা হয়েছে। এদের সুস্থতা ও চিকিৎসা নিশ্চিত করতে উপজেলার স্বাস্থ্য ও সমাজকল্যাণ খাতে এভাবে অর্থ বরাদ্দ রাখার বিষয়ে সভায় প্রস্তাব রাখেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সার্বিক আলোচনা ও পর্যালোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়। সিদ্ধান্তঃ উপজেলা পরিষদের সভায় নিউরো শিশুদের চিকিৎসা ও শারীরিক ভাবে চলতে অক্ষমদের জন্য চিকিৎসা, অর্থ ও ছইল চেয়ারসহ প্রতিবন্ধীদের সহায়ক সামগ্রী ক্রয়ের জন্য অর্থ বরাদ্দের বিষয়ে উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয় বরাবর পত্র প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহীত হয়। প্রতিবন্ধী সনাক্তকরণ বিষয়ে আলোচনাঃ উপজেলা সমাজসেবা অফিসার সভাকে জানান যে, প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার ও সুরক্ষার জন্য বর্তমান সরকার বদ্ধ পরিকর। এ লক্ষ্যে উপজেলা পর্যায়ে গঠিত কমিটির মাধ্যমে প্রতিবন্ধীতা সনাক্তকরনে লক্ষ্যে প্রতিবন্ধী ব্যক্তির জরীপ করা হয়েছে। এখানে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা অথবা তার মনোনীত দক্ষ চিকিৎসক দ্বারা কি ধরনের প্রতিবন্ধী বা আট্টেও প্রতিবন্ধী কিনা তা যাচাই এর লক্ষ্যে পূর্বে সনাক্তকৃত এবং নতুন সর্বমোট ১৬৩ জনের পরীক্ষা নিরীক্ষা করা হয় তার মধ্যে ৬৯ জনের জরীপ কৃতদের ডাক্তার বিভিন্ন ধরনের প্রতিবন্ধী মর্মে সনাক্ত করেন এবং ৪৪ জনকে উন্নত পরীক্ষা নিরীক্ষা পূর্বক পুনরায় ডাক্তার যাচাই করবেন মর্মে অপেক্ষায় রাখেন এবং ৫০ জনকে প্রতিবন্ধী নয় মর্মে তাদের প্রতিবন্ধীতা বাতিল করেন। তিনি আরো জানান যে, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার মনোনীত দক্ষ চিকিৎসক ডাঃ জাকারিয়া সাহেব কর্তৃক পূর্বে ডাক্তার স্বাক্ষরিত গুলি যাচাই করা হয়েছে এর মধ্যেও কিছু সংখ্যক সঠিক নাই মর্মে বাতিল করেন। উপজেলা সমাজসেবা অফিসার আরো জানান যে, বর্তমানে প্রতিবন্ধীদের জন্য ইউনিয়ন ভিত্তিক পর্যায়ে ভারত বরাদ্দ রয়েছে এতে তাদের ভাতা প্রাপ্তির অধিকার কিছুটা হলেও নিশ্চিত হবে। বিষয়গুলি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সিদ্ধান্তঃ সঠিক আলোচনা ও পর্যালোচনান্তে প্রতিবন্ধী সনাক্তকরনে ৬৯ জনের তালিকা অনুমোদন ৪৪ জনের তালিকা অপেক্ষামান এবং ৫০ জনের বাতিলের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক ধন্যবাদ জানানোর মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ডলি পারভিন

(ডলি পারভিন)

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, কালুখালী।

তারিখঃ ১৪/০১/২০২২

স্মারক নং-সমাজসেবা/কালু/২০২২-

১৬৬

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, রাজবাড়ী।
- ২। উপ-পরিচালক স্থানীয় সরকার, রাজবাড়ী।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালুখালী।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, কালুখালী, রাজবাড়ী।
- ৫। কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কালুখালী উপজেলা কমান্ড, কালুখালী।
- ৬। চেয়ারম্যান.....ইউপি, কালুখালী, রাজবাড়ী।

N
18/1/22

স্বাক্ষঃ

উপজেলা সমাজসেবা অফিসার
কালুখালী, রাজবাড়ী।